রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো কখনো নফল আমল করতে পছন্দ করা সত্ত্বেও এই ভয়ে ছেড়ে দিতেন যে, লোকেরা তা আমল করবে এবং তার ফলে তাদের ওপর তা ফরয করে দেওয়া হবে।

উম্মুল মুমিনীন আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে মারফূ হিসেবে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো কখনো নফল আমল করতে পছন্দ করা সত্ত্বেও এই
ভয়ে ছেড়ে দিতেন যে, লোকেরা তা আমল করবে এবং তার ফলে তাদের উপর তা ফরয করে দেওয়া হবে। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো কখনো নফল আমল করতে পছন্দ করা সত্ত্বেও এই ভয়ে তা ছেড়ে দিতেন; যেন লোকেরা তা না করে। কেননা এটা তাদের ওপর ফরয হয়ে যাওয়ার একটি কারণ হয়ে যাবে। অতঃপর তা দ্বারা তাদেরকে গুরুতর কষ্টে নিপতিত করা হবে। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে কষ্টে ফেলতে অপছন্দ করেন।

https://sunnah.global/hadeeth/bn/show/4228